[একই স্মারক এবং তারিখে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশিক্ষণ শাখা
www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০৪১.৯৯.০০১.১৯. ৯০৬ তারিখ: ০৩/১২/২০১৯

## পরিপত্র

বিষয়: FAT/PSI সংক্রান্ত নির্দেশনা।

বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা ও কোম্পানিসমূহের বিভিন্ন ক্রয়ের আওতায় ম্যানুফ্যাচারিং প্রসেস মনিটরিং বা Factory Acceptance Test (FAT) বা প্রি-শিপমেন্ট ইন্সপেকশন করা হয়ে থাকে। অনুরূপ মনিটরিং বা ইন্সপেকশন আরও কার্যকর ও ফলপ্রসূ করার ক্ষেত্রে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

১। মূল সরবরাহকারীর কারখানা এবং কারখানার প্রস্তুতকৃত পণ্য ক্রয় চুক্তি অনুযায়ী সঠিক আছে কিনা তা মন্ত্রণালয়ের এবং অধিদপ্তর/সংস্থার সংশ্লিষ্ট প্রতিনিধি সমন্বয়ে গঠিত FAT/PSI টিম কর্তৃক পরীক্ষা করতে হবে। যে প্রকল্পের আওতায় ক্রয় বা সরবরাহ চুক্তি করা হয়েছে, সে প্রকল্পের প্রকল্প পরিচালক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কার্যক্রম সমন্বয় করবেন।

২। প্রতিটি FAT বা PSI এর সরকারি আদেশ জারি হওয়ার পর প্রকল্প পরিচালক দায়িত্বপ্রাপ্ত পুরো টিমের সাথে সভায় মিলিত হয়ে সংশ্লিষ্ট পণ্যের স্পেসিফিকেশন, ডিজাইন ও প্রত্যাশিত মান সম্পর্কে প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করবেন এবং FAT ও PSI এর জন্য নিম্নবর্ণিত দলিলাদির কপি সরবরাহ করবেন:

- কন্ট্রাক্ট ডকুমেন্ট বা তার সংশ্লিষ্ট অংশের কপি:
- অনুমোদিত স্পেসিফিকেশন:
- অনুমোদিত ড্রইং ও ডিজাইন ও প্রয়োজনীয় সংশোধনীর (যদি থাকে) কপি:
- ঠিকাদার কর্তৃক দাখিলকৃত ম্যানুয়াল/লিটারেচার ইত্যাদিক কপি;
- প্রি-কন্ট্রাক্ট নেগোশিয়নে গৃহীত সিদ্ধান্তের সংশ্লিষ্ট অংশের কপি;
- প্রি-শিপমেন্ট ইন্সপেকশনে প্রয়োজন হবে এমন অন্যান্য ডকুমেন্ট যেমন LC'র কপি ইত্যাদি;
- পরিদর্শনকালে যে সব টেস্ট সম্পাদন করতে হবে, সে সম্পর্কে একটি তালিকা (শুধুমাত্র FAT এর ক্ষেত্রে);
- ল্যাবরেটরিতে টেস্ট করার প্রয়োজন হলে অনুমোদিত ল্যাবেরটরির তালিকা (শুধুমাত্র FAT এর ক্ষেত্রে);
- ল্যাবের তালিকা না থাকলে যে অ্যাক্রেডেটিশনের প্রয়োজন হবে, তার তালিকা বা বিবরণ;
- ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট বা কোম্পানির ঠিকানা, যোগাযোগ-ব্যক্তি (Contact Person) এর নাম, ঠিকানা, ফোন ও ই-মেইল ঠিকানা এবং প্রাসঙ্গিক অন্যান্য কাগজপত্র, দলিলাদি ইত্যাদি।
- FAT বা PSI এর জন্য প্রয়োজন হবে এরূপ অন্যান্য কাগজপত্র, দলিলাদি ইত্যাদি।

৩। দেশে প্রত্যাবর্তনের পর প্রতিটি টেস্ট রিপোর্টের কপিসহ সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী কর্মকর্তা এবং টিমের সকল সদস্যের স্বাক্ষরসহ একটি প্রতিবেদন প্রকল্প পরিচালক বা সংস্থা প্রধানের নিকট দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদনে পরীক্ষাধীন দ্রব্য বা মেশিনাদির মান, স্পেসিফিকেশনের সাথে মিল বা অমিল সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করতে হবে। এগুলোর গ্রহণযোগ্যতা সম্পর্কে প্রতিবেদনে সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

৪। ক্রয়কৃত মালামালের পরিমানভেদে নির্ধারিত সময়ে শতভাগ মালামাল পরীক্ষা করা সম্ভব হলে সংশ্লিষ্ট পরিদর্শন টিম ১০০% মালামালই পরীক্ষা করবেন। অধিক পরিমান মালামালের ক্ষেত্রে শতভাগ পরীক্ষা করা সম্ভব না হলে যুক্তিসংগত প্রতিনিধিত্বশীল (সমন্বয় সভায় নির্ধারিত) সংখ্যক মালামাল পরীক্ষা করা যেতে পারে। মালামাল পরীক্ষার ক্ষেত্রে পরিদর্শন টিম শিপিং ডকুমেন্ট যথাযথভাবে যাচাই করবেন।

৫। যে সব মালামাল পরীক্ষা করা হল, তার তালিকা (মালামালের নাম্বারসহ) প্রস্তুত করে টিমের সদস্যগণ অথবা যে ক্ষেত্রে সকলে স্বাক্ষর করার মত যথেষ্ট জায়গা নেই, সেক্ষেত্রে টিমের অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার জ্যেষ্ঠতম কর্মকর্তা স্বাক্ষর করবেন। তবে ম্যানুফেকচারারের পলিসিগত বা অন্যবিধ কারণে স্বাক্ষর করা না গেলে ইকুইপমেন্ট বা পার্টসের অনন্য (Unique) সিরিয়াল নম্বর ও তার ছবি গ্রহণ করতে হবে। মালামাল প্রকল্প সাইটে পৌঁছানোর পর সেগুলো সংযোজন বা ব্যবহারের আগেই এ সব

স্বাক্ষর বা সিরিয়াল নম্বর যাচাই করে যন্ত্রপাতি বা দ্রব্যের অকৃত্রিমতা (Genuity) এ টিমের অন্তত একজন স্বাক্ষরকারী কর্মকর্তার উপস্থিতিতে পরীক্ষা করতে হবে। এ পরীক্ষার একটি প্রতিবেদন সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।

৬। FAT/PSI টিমের সন্তোষজনক প্রতিবেদন এবং অনুমোদিত ল্যাবরেটরির সন্তোষজনক প্রতিবেদনের পর পণ্য জাহাজীকরণ করতে হবে।

৭। পরিদর্শন টিমের প্রতিবেদনে কোন ত্রুটি বা মান সম্পর্কে আপত্তি থাকলে ক্রয়কারী কর্তৃপক্ষ সেগুলো সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন এবং সেগুলো পরিবর্তন বা সংশোধন করে দেয়ার আদেশ দিবেন অথবা পণ্য জাহাজীকরণের পূর্বে এবং দেশে পৌঁছার পর উভয় পরীক্ষার ফরাফল সন্তোষজনক না হলে পিপিআর-২০০৮ বা চুক্তি অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। FAT/PSI টিম এর সদস্যগণ বিদ্যুৎ বিভাগের অনুমতি ব্যতিরেকে পরিবারের সদস্যদের সফরসঙ্গী হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন না।

৯। FAT বা PSI কার্যক্রম অবশ্যই দলগতভাবে সম্পন্ন করতে হবে। FAT বা PSI কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা না হলে FAT/PSI টিমের প্রত্যেক সদস্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। এ ক্ষেত্রে স্ব-স্ব কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।

১০। উপ-অনুচ্ছেদ ৯ অনুসারে কার্যক্রম গ্রহণ করার ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিদ্যুৎ বিভাগ ও সংস্থা প্রধানকে অবহিত করতে হবে।

১১। প্রজ্ঞাপনের কোন বিধান যদি টেন্ডার ডকুমেন্ট, কন্ট্রাক্ট বা কোন নিয়মের সাথে সাংঘর্ষিক হয়, সে বিষয়ে বিদ্যুৎ বিভাগের দৃষ্টি আকর্ষণ এবং নির্দেশনা চাইতে হবে।

১২। এ পরিপত্রের নিয়মাবলী অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ আফজাল হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৯২৯
E-mail: training@pd.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল।
২. অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।
৫. চেয়ারম্যান, সাসটেইনবল এন্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি।
৬. রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইন্সটিটিউট।
৭. যুগ্ম সচিব/যুগ্ম প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
৮. উপসচিব/উপপ্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
৯. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, ডেসকো, পিজিসিবি, ইজিসিবি, আরপিসিএল, ওজোপাডিকো, এপিএসসিএল, নেসকো, নওপাজেকো, সিপিজিসিবিএল, বি-আরপাওয়ারজেন।
১০. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
১১. প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সহকারী সচিব /সহকারী প্রধান (সকল), বিদ্যুৎ বিভাগ।
১৩. ব্যক্তিগত কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা (সকল), বিদ্যুৎ বিভাগ।

অনুলিপিঃ

১. মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।